বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ২৭

তারিখ : ২২ ভাদ্র ১৪২৮ / ০৬ সেপ্টেম্বর ২০২১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তার আবেদন দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক সরকারি সিদ্ধান্তক্রমে অবহিত করা যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষাপটে ২০২০-২০২১ অর্থবছরে দাখিলযোগ্য রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তার যেসব আবেদন নির্ধারিত সময়ে রপ্তানিকারক কর্তৃক দাখিল করা সম্ভব হয়নি এ সার্কুলার জারির ৪৫ দিনের মধ্যে সেসব আবেদন দাখিল করা যাবে।

২। রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩